

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৬৪

কৈলাসহর, ২৭ মে, ২০২৬

**উনকোটি জেলার সীমান্ত এলাকায় জনসাধারণের চলাফেরায় বিধিনিষেধ আরোপ**

উনকোটি জেলার অন্তর্গত ভারত-বাংলাদেশ সীমান্তে জনগণের নিরাপত্তা সুনিশ্চিত করতে উনকোটি জেলার জেলাশাসক মেঘা জৈন ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩-এর ১৬৩ ধারায় কিছু বিধিনিষেধ জারি করেছেন। এই নিষেধাজ্ঞায় বলা হয়েছে উনকোটি জেলার অন্তর্গত ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০ মিটার এলাকায় রাত্র ৮টা থেকে পরেরদিন সকাল ৫টা পর্যন্ত কেউ চলাচল করতে পারবেনা। এই সময়ে উক্ত এলাকায় পাঁচজনের অধিক লোক জড়ো হতে পারবেন না। তেমনি সেই এলাকায় কেউ লাঠি, তীর, ধনুক, ধারালো বাঁশ, সাইকেলের চেইন, গুলতি, লোহার রড, ছুরি, আগ্নেয়াস্ত্র ও বিস্ফোরক পদার্থ বহন করতে পারবেন না। জেলাশাসকের নিষেধাজ্ঞায় বলা হয়েছে পুলিশ, বিএসএফ, টিএসআর, আসাম রাইফেলস ও অন্যান্য আইন বলবৎকারী কর্মীদের ক্ষেত্রে এই বিধিনিষেধ প্রযোজ্য হবেনা। জেলা প্রশাসন, পুলিশ, বিএসএফ ও অন্যান্য আইন বলবৎকারী কর্তৃপক্ষের অনুমোদনপত্র প্রাপ্তদের ক্ষেত্রে এই বিধিনিষেধ প্রযোজ্য হবেনা। গুরুতর অসুস্থ রোগীদের হাসপাতালে পরিবহনকারী ব্যক্তি বা তাদের জন্য নির্দিষ্ট ওষুধের দোকান থেকে ওষুধ ক্রয় করতে যাওয়া ব্যক্তিরও এই নিষেধাজ্ঞার আওতার বাইরে থাকবেন বলে জানিয়েছেন উনকোটি জেলার জেলাশাসক। এই আদেশ অমান্যকারী ব্যক্তিদের বিরুদ্ধে বিএনএস ২০২৩-এর ২২৩ ধারায় আইনি ব্যবস্থা নেওয়া হবে। এই নিষেধাজ্ঞা ২২ মে, ২০২৬ থেকে ১৯ আগস্ট ২০২৬ পর্যন্ত বলবৎ থাকবে।

\*\*\*\*\*